# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৫৭

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৩. প্রথম অনুচ্ছেদ - রক্তপ্রদর রোগিণী

بَابُ الْمُسْتَحَاضَةِ

আরবী

عَنْ عَائِشَةَ قَالَتْ: جَاءَتْ فَاطِمَةُ بِنْتُ أَبِي حُبَيْشٍ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَتْ يَا رَسُولَ اللَّهِ إِنِّي امْرَأَةٌ أُسْتَحَاضُ فَلَا أطهر أفأدع الصَّلَاة فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا إِنَّمَا ذَلِكِ عِرْقٌ وَلَيْسَ بِحَيْضٍ فَإِذَا أَقْبَلَتْ حَيْضَتُكِ فَدَعِي الصَّلَاةَ وَإِذَا أَدْبَرَتْ فَاغْسِلِي عَنْك الدَّم ثمَّ صلي»

বাংলা

৫৫৭-[১] ’আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, ফাত্বিমাহ্ বিনতু আবূ হুবায়শ (রাঃ)নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এসে বললেন, হে আল্লাহর রসূল! আমি একজন এমন স্ত্রীলোক যে, সব সময় ইস্তিহাযাহ্ রোগে ভুগি। কোন সময়ই পাক হই না। তাই আমি কি সালাত (সালাত/নামায/নামাজ) ছেড়ে দিব? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, না। এটা একটি শিরাজনিত রোগ, হায়যের রক্ত নয়। যখন তোমার হায়যের সময় হবে সালাত ছেড়ে দিবে। আর যখন হায়যের নির্দিষ্ট সময় শেষ হয়ে যাবে, তখন তোমার শরীর হতে তুমি হায়যের রক্ত ধুয়ে ফেলবে (অর্থাৎ- গোসল করবে)। অতঃপর সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতে থাকবে। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ২২৮, মুসলিম ৩৩৩, আবূ দাঊদ ২৮২, নাসায়ী ২১২, তিরমিযী ১২৫, ইবনু মাজাহ্ ৬২১, দারেমী ৮০৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: উক্ত হাদীস হতে প্রমাণ হয় যে, মহিলারা হায়যের দিনগুলোতে সালাত (সালাত/নামায/নামাজ) বর্জন

করবে আর মুসতাহাযা হলে সালাত ত্যাগ করতে পারবে না। সে গোসল করে সালাত আদায় করে যাবে। মুসতাহাযা একটি রোগ যা আল্লাহ তা‘আলা মহিলাদের জন্য নির্ধারণ করে দিয়েছেন। মুসতাহাযা মহিলা হায়যের নির্ধারিত দিন অতিবাহিত হলে নির্দিষ্ট সালাতের জন্য একবার গোসল করবে। অথবা প্রত্যেক সালাতের জন্য একবার করে গোসল করবে অথবা যুহর ও ‘আসরের জন্য একবার গোসল করবে এবং মাগরিবের ও ‘ইশার জন্য একবার গোসল করে সালাত আদায় করবে। আর ফজরের (ফজরের) জন্য একবার গোসল করে সালাত আদায় করবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55114

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন